

নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০২.২২.১৩১

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৯

২৬ এপ্রিল ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: JICA এর এক বছর মেয়াদি মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।

JICA, জাপান এর অর্থায়নে জাপানে অনুষ্ঠেয় এক বছর মেয়াদি International Public Policy Program (IPPP) শীর্ষক মাস্টার্স কোর্সে সকল মন্ত্রণালয়/বিভাগে কর্মরত কর্মকর্তাদের অংশগ্রহণের সুযোগ রয়েছে। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ০৮/০৫/২০২২ তারিখের মধ্যে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে :

শর্তসমূহ :

ক.	আবেদনের বিষয়ের সঙ্গে চাকরি/শিক্ষাগত সংশ্লিষ্টতা থাকতে হবে;
খ.	আবেদনকারীর ০২ (দুই) সেট পূরণকৃত নির্ধারিত ফরম (মূল কপি ও প্রয়োজনীয় কাগজপত্র আগামী ০৮/০৫/২০২২ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (ভবন নং-২, কক্ষ নং-১০৯, বাংলাদেশ সচিবালয়) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;
গ.	প্রার্থীত আবেদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও JICA কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত;
ঘ.	আবেদনকারীকে সংযুক্ত ফরম (বাংলা) পূরণ করে দপ্তর প্রধানের অনুমতির স্মারক হিসেবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন পত্রের সঙ্গে প্রেরণ করতে হবে;
ঙ.	চাকরিতে প্রবেশের পর প্রেষণ/শিক্ষাছুটিতে একটি মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার আবেদন করার প্রয়োজন নেই;
চ.	আবেদনকারীর বয়স ০১/০৪/২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে;
ছ.	উল্লিখিত কোর্সে আবেদনের এবং কর্মকর্তাগণের আবেদন অগ্রায়নের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/০৮/১৯৯২ তারিখের সম(বিঃপ্রঃ)৮০/৯২-৫১৮(৫০০) নম্বর স্মারকে জারিকৃত বেসামরিক কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি অনুসরণ করতে হবে;

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্তি : ১. JICA এর পত্র ও ব্রসিউর,

২. বাংলা ফরম।



২৬-৪-২০২২

ফারজানা জামান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরিভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।